# প্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ

নিবন্ধন নং-১২৩/কে, তারিখঃ ৩১/১০/২০০৭খ্রি.
গ্রাম: বাঁগআচড়া, ডাকঘর: বয়ারসিং
ডুমুরিয়া,খুলনা।

স্মারক নং-বাঃ বহুঃ সঃ লিঃ/নির্বাচন,২০২৬ তারিখঃ ০৫/০৭/২০২৬ খ্রিঃ.

এতদ্বারা প্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ,নিবন্ধন নং-১২৩/কে, তারিখঃ ৩১/১০/২০০৭.খ্রি গ্রাম:বাঁগআচড়া,ডাকঘর:বয়ারসিং, ডুমুরিয়া,খুলনা এর সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধন-২০২০) এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুসারে প্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ এর অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির বিগত ০৫/০৬/২০২৬ খ্রি.তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৫/০৮/২০২৬ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০টা পর্যন্ত সমিতির নিজস্ব কার্যালয়ে সমিতির ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণ ও বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হবে। গঠিত নির্বাচন কমিটির অদ্য ০২/০৭/২০২৬ খ্রি. তারিখের অনুষ্ঠিত সভায় সর্বসম্মতিক্রমে ব্যবস্থাপনা কমিটির নির্বাচনী তফসিল. সমিতির সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নিম্নরূপভাবে ঘোষণা করা হলোঃ

## নির্বাচনী তফসিল,২০২৬

| ক্রঃনং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মনোনয়নপত্র বিতরণ | সমিতির কার্যালয় | ০৬/০৭/২০২৬খ্রি. ও ০৭/০৭/২০২৬খ্রি. | সকাল ১০ টা হতে দুপুর ২ টা পর্যন্ত। | নির্বাচন কমিটি কর্তৃক। |
| ০২ | মনোনয়নপত্র জমাদানের তারিখ | সমিতির কার্যালয় | ১২/০৭/২০২৬খ্রি. | সকাল ১০টা হতে দুপুর ২ টা পর্যন্ত | নির্বাচন কমিটি জমা গ্রহণ করবেন। |
| ০৩ | মনোনয়নপত্র বাছাই | সমিতির কার্যালয় | ১৫/০৭/২০২৬খ্রি. | সকাল ১১.৩০ টা | প্রার্থী বা তার প্রতিনিধি উপস্থিত থাকবেন। |
| ০৪ | মনোনয়নপত্র বাছাইঅন্তে প্রার্থীর খসড়া তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ১৬/০৭/২০২৬খ্রি. | দুপুর ২.০০ টা | নির্বাচন কমিটি কর্তৃক। |
| ০৫ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থীর আপীল আবেদন দাখিল | জেলা সমবায় কার্যালয়,০৩ পিসি রায় রোড,খুলনা | ১৯/০৭/২০২৬খ্রি. ও ২০/০৭/২০২৬খ্রি. (দুই কর্ম দিবস) | অফিস চলাকালীন সময়ে। | জেলা সমবায় অফিসার খুলনা মহোদয় বরাবর। |
| ০৬ | আপিলের শুনানী ও নিস্পত্তি | জেলা সমবায় কার্যালয়,০৩ পিসি রায় রোড,খুলনা | ২৬/০৭/২০২৬খ্রি. ২৭/০৭/২০২৬খ্রি. ২৮/০৭/২০২৬খ্রি (তিন কর্ম দিবস) | অফিস চলাকালীন সময়ে। | জেলা সমবায় অফিসার,খুলনা মহোদয় কর্তৃক। |
| ০৭ | বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ। | সমিতির নোটিশ বোর্ড | ২৯/০৭/২০২৬খ্রি. | বেলা: ১২ টা | নির্বাচন কমিটি কর্তৃক। |
| ০৮ | প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ | সমিতির কার্যালয় | ৩০/০৭/২০২৬খ্রি. | সকাল ১১ টা হতে দুপুর ১ টা পর্যন্ত | নির্বাচন কমিটি কর্তৃক আবেদন গ্রহণ করবেন। |
| ০৯ | প্রতীক বরাদ্দ | সমিতির কার্যালয় | ০২/০৮/২০২৬খ্রি. | দুপুর ০১ টা হতে ০২ টা পর্যন্ত | নির্বাচন কমিটি কর্তৃক |
| ১০ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ০৩/০৮/২০২৪ খ্রি. | দুপুর ২ টা | নির্বাচন কমিটি কর্তৃক |
| ১১ | ভোট গ্রহণ | সমিতির কার্যালয় | ১৫/০৮/২০২৬ খ্রি. | সকাল ১০ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত (বিরতিহীন ভাবে)। | নির্বাচন কমিটি কর্তৃক ভোট গ্রহণ। |
| ১২ | ফলাফল ঘোষণা | সমিতির কার্যালয় | ১৫/০৮/২০২৬ খ্রি. | ভোট গণনা শেষে। | নির্বাচন কমিটি কর্তৃক। |

## নির্বাচন সম্পর্কে জ্ঞাতব্য বিষয়ঃ-

(১) নির্বাচন কার্যক্রম সমবায় সমিতি আইন/২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত-২০২০) এবং বর্ণিত সমিতির নিবন্ধিত উপ-আইন অনুসারে পরিচালিত হবে।

(২) ব্যবস্থপনা কমিটির সভাপতি পদে-০১ জন,সহ-সভাপতি পদে-০১ জন,সম্পাদক পদে-০১ জন, যুগ্ম সম্পাদক পদে ০১ জন, কোষাধ্যক্ষ পদে-০১ জন, ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে ০১ জনসহ মোট=০৬ (ছয়) টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।

(৩) নির্বাচনে আগ্রহী প্রত্যেক প্রার্থীকে সভাপতি পদে- ২০০০/-(দুই হাজার) টাকা,সহ-সভাপতি পদে- ১৬০০/-(এক হাজার ছয়শত) টাকা সম্পাদক পদে- ১৮০০/-(এক হাজার আটশত)টাকা, যুগ্ম সম্পাদক পদে-১৫০০/-(একহাজার পাঁচশত) টাকা, কোষাধ্যক্ষ পদে-১৪০০/-(এক হাজার চারশত) টাকা এবং সদস্য পদে-১২০০/-(এক হাজার দুইশত) টাকা অফেরৎযোগ্য জামানত প্রদান করে মনোনয়নপত্র নির্বাচন কমিটির নিকট থেকে সংগ্রহ করতে হবে এবং মনোনয়ন পত্র দাখিলের সময় রশিদের মূল কপি সংযুক্ত করতে হবে।

(৪) মনোনয়ন প্রত্রের সাথে প্রার্থীর ০১(এক) কপি পাসপোট সাইজের ছবি সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত এবং উপজেলা/জেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষর করিয়া জমা দিতে হইবে এবং বয়স প্রমানের জন্য মনোনয়নের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

(৫) নির্বাচনে প্রতিদ্বদ্বিতা করতে ইচ্ছুক সকল প্রার্থীকে সমবায় সমিতি আইন,২০০১ এর ১৯ ধারা এবং সমবায় সমিতি আইন (সংশোধিত) ২০০২ এর ১৮(৮) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৪,৮৭,৮৮ বিধি ও সমিতির উপ-আইন মোতাবেক যোগ্য হতে হবে।

(৬) ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন/২০০১ এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত,২০২০ এর ৮৮(৩) বিধি অনুসরন করতে হবে।

(৭) প্রতীক সমূহঃ-

(ক) সভাপতি পদের প্রতীক : চেয়ার, ছাতা, দোয়াত কলম, গরুর গাড়ী।

(খ) সহ-সভাপতি পদের প্রতীক : মাছ, আনারস, মোমবাতি, তালা চাবি।

(গ) সম্পাদক পদের প্রতীক : হরিণ, মোরগ, হারিকেন, ফুটবল।

(ঘ) যুগ্ম সম্পাদক পদের প্রতীক: কম্পিউটার, মোবাইল,বাইসাইকেল, দেয়াল ঘড়ি।

(ঙ) কোষাধ্যক্ষ পদের প্রতীক : ডাব, মই, আম, টেবিল।

(ঘ) সদস্য পদের প্রতীক : কলম, জগ,বই, সিলিং ফ্যান।

প্রকাশ থাকে যে, উপরোল্লিখিত পদে প্রার্থীর সংখ্যা বেশী হলে নির্বাচন কমিটি প্রতীক বরাদ্দের সময়ে বর্ণিত প্রতীক ভিন্ন অন্য প্রতীক বরাদ্দ করবেন।

(৮) মনোনয়নপত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কর্মকান্ড চলাকালীন সময়ে প্রার্থী অথবা তাঁর প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

(৯) চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্য ব্যতীত কোন ব্যক্তি নির্বাচনে অংশগ্রহণ বা নির্বাচনে ভোট দিতে পারবেনা।

(১০) মনোনয়ন পত্রের কোন ফটোকপি গ্রহন যোগ্য নয়।

(১১) মনোনয়ন পত্রে কোন ধরননের ঘষামাজা,কাটাকাটি ও ফ্লুইড ব্যবহার করা যাবে না।

(১২) কোন প্রার্থী একাধিক পদে মনোনয়ন পত্র দাখিল করতে পারিবে না।

(১৩) কোন ঋণ খেলাপী সদস্য,নির্বাচনে অংশগ্রহন করতে পারবে না এবং সমিতিতে নিয়োজিত কোন কর্মচারী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবে না।

(১৪) সদস্য ব্যাতিত কেহ নির্বাচনী এজেন্ট হতে পারবে না।

(১৫) ব্যালট পেপারে প্রার্থীগণের নামের অদ্যাক্ষর অনুসারে নাম সন্নিবেশিত হবে এক্ষেত্রে মূল নাম বিবেচ্য হবে।

(১৬) নির্বাচন সংক্রান্ত কারো কোন জিজ্ঞাসা থাকলে বা জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির সভাপতির নিকট থেকে জানা যাবে।

(১৭) প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত দিনের ৩৬ ঘন্টা পূর্বে নির্বাচনী কার্যক্রম সংক্রান্ত প্রচারনা অবশ্যই বন্ধ করতে হবে।

(১৮) নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়নপত্র ফরম ব্যতীত অন্য কোন মনোনয়নপত্র ফরম গ্রহণ যোগ্য হবে না।

(সুবোল রায়)
সদস্য
নির্বাচন কমিটি,২০২৬
প্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ
ডুমুরিয়া,খুলনা।
ও
সদস্য
প্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ
ডুমুরিয়া,খুলনা।

(মোঃ হেকমত আলী)
সদস্য
নির্বাচন কমিটি,২০২৬
প্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ
ডুমুরিয়া,খুলনা।
ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
ডুমুরিয়া,খুলনা।
মোবা: ০১৭২১-৮০৩৮৪৭

(প্রশান্ত কুমার সরদার)
সভাপতি
নির্বাচন কমিটি,২০২৬
প্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ
ডুমুরিয়া,খুলনা।
ও
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়,খুলনা।
মোবা: ০১৭১৮-৮৬৯৪০৬

স্মারক নং-বাঃ বঃ সঃ লিঃ/নির্বাচন,২০২৬ তারিখঃ ০৫/০৭/২০২৬ খ্রিঃ.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১) জনাব.....................................................সদস্য (সকল) প্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ,ডুমুরিয়া,খুলনা।

২) জনাব.....................................................সদস্য,নির্বাচন কমিটি,ক্রমিক নং ২ও ৩ এ বর্ণিত সম্মানিত নির্বাচন কমিটির সদস্যদ্বয়কে নির্বাচনের তফসিলে বর্ণিত তারিখের প্রতি কর্মকান্ড সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা গেল।

৩) সভাপতি,ব্যবস্থাপনা কমিটি, প্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ, ডুমুরিয়া,খুলনা। তাঁকে সমিতির সকল সদস্য এবং সংশ্লিষ্ট সকলকে অত্র নির্বাচনী তফসিল অতীব জরুরী ভিত্তিতে জারী করাসহ নোটিশ বোর্ডে সকল সদস্যদের জ্ঞাতার্থে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৪) উপজেলা সমবায় অফিসার,ডুমুরিয়া,খুলনা।

৫) জেলা সমবায় অফিসার,খুলনা।

৬) নোটিশ বোর্ড।

(প্রশান্ত কুমার সরদার)
সভাপতি
নির্বাচন কমিটি,২০২৬
প্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ
ডুমুরিয়া,খুলনা।
ও
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়,খুলনা।
মোবা: ০১৭৭৪-৩১৫৫৩৩